সরকারের বেঁধে দেওয়া দাম মানছেন না মেহেরপুরের ব্যবসায়ীরা

সরকারের নির্ধারণ করে দেওয়ার পরও ৫টি পণ্য বেশি দামে বিক্রি হচ্ছে মেহেরপুরে। বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশনা পেয়ে রবিবার থেকে বাজার মনিটরিং ও ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হবে বলে জানিয়েছেন ডিসি।

নিত্যপণ্য ডিম, আলু ও পেয়াজের দাম অস্বাভাবিকভাবে বাড়তে থাকায় গত বৃহস্পতিবার প্রতি পিস ডিমের দাম ১২ টাকা, আলুর কেজি ৩৫ থেকে ৩৬ টাকা, দেশি পেঁয়াজের দাম প্রতি কেজি ৬৪ থেকে ৬৫ টাকা, সয়াবিন তেল ১৫৯ থেকে ১৬৯ টাকা, চিনি ১২০ টাকা থেকে ১৩০ টাকা নির্ধারণ করে দিয়েছে বাণিজ্য মন্ত্রণালয়। কিন্তু গতকালও মেহেরপুরের বিভিন্ন বাজার ও পাড়া মহল্লার দোকানগুলো বেশি দামে বিক্রি হচ্ছে এসকল পণ্য।

জেলা শহরের বিভিন্ন বাজার ঘুরে দেখা যায় পাইকারিতে বড় বাজারে এলসি পেয়াজ ৭০ থেকে ৭৫ টাকা,দেশি পেয়াজ ৮০ থেকে ৮৫ টাকা, আলু ৪৫ টাকা, চিনি ১৩০ টাকা, সয়াবিন তেল ১৭০ টাকা লিটার, পামওয়েল ১৪৫ টাকা লিটার দরে বিক্রি হচ্ছে।

সরকারের বেঁধে দেওয়া দাম মানছেন না মেহেরপুরের
ব্যবসায়ীরা

পাড়া মহল্লার মুদি দোকানে এলসির পেয়াজ ৮০টাকা, দেশি পেয়াজ ৯০ টাকা, আলু ৪৫ টাকা, ডিম আকার ভেদে ৫২ থেকে ৫৪ টাকা হালি, চিনি ১৩০ টাকা কেজি, সয়াবিন তেল ১৭৫ থেকে ১৮০ টাকা লিটার ও পামওয়েল ১৪৫ থেকে ১৫০ টাকা লিটার দরে বিক্রি হচ্ছে।

বড়বাজারের আলু ও পেয়াজের পায়কারী ব্যবসায়ী সিরাজ বানিজ্যালয়ের সত্ত্বাধিকারী সিরাজ জানান, জেলা প্রশাসন থেকে ব্যবসায়ীদের ১৬ সেপ্টেম্বর শনিবার পর্যন্ত সময় বেধে দিয়েছে বেশি দামে ক্রয়কৃত মুজুদে থাকা পণ্য বিক্রি করে শেষ করতে। সরকার নির্ধারিত মুল্যে

নতুন সবজির চালান রবিবার থেকে সরকার নির্ধারিত মুল্যে বিক্রি করা হবে।

মেহেরপুর বড়বাজার কাচাবাজারে ক্রেতা আরিফুর রহমান ক্ষোভ প্রকাশ করে বলেন, ‘সাধারন চাকুরি করি। বর্তমান বাজারে সংসারের চাহিদা মেটাতে যেয়ে বেতনের পাশাপাশি সঞ্চয় ভেঙে চলতে হচ্ছে। ‘

হোটেল বাজারে মুদি দোকানে আসা ক্রেতা শামিম বলেন, বর্তমান বাজারে প্রতিটি পন্য আড়ত থেকে খুচরা বিক্রেতা পর্যন্ত আসতে আসতে মূল্য ২০ থেকে ২৫ টাকা বেড়ে যায়। এগুলো দেখার কেউ নেই। আর নিউজ করে কি করবেন। দু’এক দিন লোক দেখানো অভিজান হবে। এরপর আবার বাজার আগের অবস্থায় ফিরে যাবে। বাজার সিন্ডিকেট নিয়ন্ত্রণ করা সরকারের পক্ষে অসম্ভব।

বাজার করতে আসা রিক্সা চালক আব্দুল মালেক ক্ষোভের সাথে বলেন,’ সারাদিন রিক্সা চালিয়েও এখন দুইবেলার খাবারের যোগান হয়না। ব্যবসায়িরা এতো খারাপ, ওরা ৫০০ টাকার পণ্য বিক্রি করলে ৩০০ টাকা লাভ করে।’

বড় বাজারের সবজি দোকানী মন্টু বলেন, আমার পাইকারি আড়তেই নির্ধারিত দামে মালামাল পাইনা। তাহলে ঐ দামে বিক্রি করবো কিভাবে।

মল্লিক পাড়ার মুদি দোকানি টোকন বলেন, আমি প্রতিদিন সকালে আড়ৎ থেকে পণ্য কিনে এনে আমার দোকানে বিক্রি করি। আড়ৎ মূল্যের সাথে পরিবহনের খরচ থাকে। এর পর হয়তো পণ্যভেদে কেজি প্রতি ২ থেকে ৩ টাকা লাভ হয়। আসলে মূল্যবৃদ্ধি ঘটে মহাজন ও পাইকারি পর্যায়ে।

মেহেরপুর জেলা প্রশাসক শামিম হাসান বলেন, ‘ বানিজ্য মন্ত্রনালয়ের দেওয়া চিঠির প্রেক্ষিতে মেহেরপুর জেলার ব্যবসায়ীদের সরকার নির্ধারিত মুল্যে পন্য বিক্রয় করা সহ দোকানে মূল্য তালিকা প্রদর্শন ও ক্রয়কৃত পণ্যের ভাওচার সংরক্ষণের নির্দেশ দেওয়া হয়েছে। রবিবার সকাল থেকেই বাজার নিয়ন্ত্রণে জেলাপ্রশাসনের ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হবে।

হাইকোর্ট বিভাগের বিচারপতি এ, কে, এম আসাদুজ্জামান সংক্ষিপ্ত সফরে মেহেরপুরে

বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি এ, কে, এম আসাদুজ্জামান ব্যক্তিগত সংক্ষিপ্ত সফরে স্বপরিবারে মেহেরপুর ঘুরে গেলেন।
শনিবার ১৬ সেপ্টেম্বর সকাল সোয়া এগারোটার সময় ব্যক্তিগত সফরে মেহেরপুর এসে পৌছান বিচারপতি এ, কে, এম আসাদুজ্জামান। এসময় সার্কিট হাউজে হাইকোর্ট বিভাগের বিচারপতি কে স্বাগত জানান অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাসের নেতৃত্বে বিচার বিভাগ মেহেরপুরের বিচারকগণ, জেলা প্রশাসক শামীম হাসানের নেতৃত্বে মেহেরপুর জেলা প্রশাসন ও পুলিশ সুপার রাফিউল আলম এর নেতৃত্বে মেহেরপুর জেলা পুলিশ। এছাড়াও বিচারপতি এ, কে, এম আসাদুজ্জামানকে মেহেরপুরে স্বাগত জানাতে এ সময় উপস্থিত ছিলেন বারের সভাপতি কামরুল হাসান ও সাধারণ সম্পাদক খ ম ইমতিয়াজ বিন হারুন।
সকাল সাড়ে ১১ টায় সার্কিট হাউজে মেহেরপুর জেলা পুলিশের পক্ষ থেকে বিচারপতি এ, কে, এম আসাদুজ্জামান গার্ড অব অনার গ্রহণ করেন। এর পর বিচারপতি দুপুর সাড়ে বারোটার সময় মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করেন এবং মুজিবনগর কমপ্লেক্স ঘুরে দেখেন। এরপর তিনি ঐতিহাসিক আমঝুপি নীলকুঠি পরিদর্শনে যান। এ সময় তার সাথে অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস, চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আবু বকর সিদ্দিক, যুগ্ন জেলা জজ কবির হোসেন, সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট তরিকুল ইসলাম, সিনিয়র সহকারী জজ মেহেদী মোবারক মুনিম সহ বিচারবিভাগ মেহেরপুরের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। নীলকুঠি পরিদর্শন শেষে বিচারপতি এ, কে, এম আসাদুজ্জামান মেহেরপুর বিচার বিভাগের বিচারকদের সাথে সংক্ষিপ্ত আলোচনা সভা করে মেহেরপুর ত্যাগ করেন।

মেহেরপুরে শহিদুল ইসলাম

পেরেশানের গণসংযোগ

শেখ হাসিনা কে আবারো ক্ষমতায় রাখতে ও উন্নয়নের ধারা অব্যাহত রেখে স্মার্ট বাংলাদেশ গড়তে মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানের গণসংযোগের আয়োজন করা হয়।

আজ শনিবার বিকেলে মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা ইউনিয়নের ৮নং ওয়ার্ড আওয়ামী যুবলীগের উদ্যোগে গণসংযোগের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানার সঞ্চালনায় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এডভোকেট মিয়াজান আলী, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মুজিবনগর উপজেলা আওয়ামী যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, সদর থানা যুবলীগের যুগ্ন আহবায়ক সাজেদুর রহমান সাজু, মেহেরপুর জেলা পরিষদের সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সাবেক দপ্তর সম্পাদক আব্দুল লতিফ সহ বিভিন্ন নেতা কর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ৯০ বোতল ফেন্সিডিলসহ আটক-১

মেহেরপুরে ৯০ বোতল ফেন্সিডিলসহ শের আলী(২৬) নামের এক ইজিবাইক চালককে আটক করেছে পুলিশ।

আজ শনিবার (১৬ সেপ্টেম্বর) দুপুর গোপন সংবাদের ভিত্তিতে পরিচালিত এক অভিযানে শের আলীকে আটক করে মেহেরপুর সদর থানা পুলিশ। আটককৃত শের আলী মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের ইসমাইল আলীর ছেলে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সাইফুল ইসলাম বলেন,’মেহেরপুর যাদবপুর সড়ক দিয়ে মাদক পাচার হচ্ছে এমন

গোপন সংবাদের ভিত্তিতে সদর থানা পুলিশের এস আই সঞ্জিত, এএসআই শাকিলসহ একটি টিম অভিযান চালিয়ে ৯০ বোতল ফেন্সিডিলসহ শের আলীকে আটক করে। পুলিশের উপস্থিতি টের পেয়ে হাসান ও মোকলেসুর রহমান নামের দুই মাদক কারবারি পালিয়ে যায়। এ সময় মাদক পরিবহনের কাজে ব্যবহৃত ব্যাটারি চালিত একটি ইজিবাইক জব্দ করেছে পুলিশ।

আটককৃত শের আলীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা পূর্বক জেলা আদালতে প্রেরণ করা হবে এবং পলাতক আসামিদের গ্রেপ্তারে অভিযন চলছে।

মেহেরপুরে সবজি মাছ মাংসসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম উর্দ্ধমুখী

মেহেরপুরের বাজারে মাছ, মাংস, সবজিসহ নিত্যপণ্যের দাম প্রতিনিয়ত বেড়েই চলেছে। সপ্তাহন্তে বেড়েছে আদা, রসুন ও পেঁয়াজের দামও। কাঁচা মরিচের দাম কিছুটা স্থিতিশীল থাকলেও কয়েক সপ্তাহ ধরে ঊর্ধ্বমুখী আদা, আলু ও চিনির দাম।

গত এক সপ্তাহের ব্যবধানে মেহেরপুরের বাজারে অধিকাংশ সবজির দাম কেজিতে ১০ থেকে ২০ টাকা পর্যন্ত বেড়েছে। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির কারণে প্রয়োজনের তুলনায় কম বাজার কিনে বাড়ি ফিরতে হচ্ছে সাধারণ ক্রেতাদের। এখন খুচরা ব্যবসায়ীরাও সিন্ডিকেটের মাধ্যমে বাজার দাম বাড়িয়ে চললেও নেই প্রশাসনিক কোনো ব্যবস্থা।

গতকাল শুক্রবার মেহেরপুরের বিভিন্ন বাজার ঘুরে দেখা গেছে, কাঁচাবাজারগুলোতে পেঁয়াজ, কাঁচা মরিচ, আদা, রসুন, আলু ও শাক—সবজির পর্যাপ্ত সরবরাহ থাকলেও দাম কমেনি। গত কয়েক সপ্তাহের ধরেই এসব নিত্যপণ্যের দাম চড়া।

আলু, টমেটো এবং কাঁচা মরিচের দাম থেমে থেমে বাড়ছে। এ তিন সবজি কিনতে ক্রেতাকে বাজারভেদে কেজিপ্রতি গুনতে হচ্ছে টাকা। বাজারে

আলুর কেজি ৪৫ থেকে ৫০ টাকা। পেঁয়াজ প্রকারভেদে বিক্রি হচ্ছে ৫৭০—৯০ টাকা কেজিতে।

প্রতি কেজি করলা এখন কেজি ১০০ টাকা, বেগুন ৬০ টাকা কেজি,, ঢেঁড়স কেজিতে ৪০ টাকা, পটল ৪০ টাকা, বরবটি ৬০ টাকা কেজি ও পেঁপে কেজি ৩৫ টাকায় বিক্রি হচ্ছে।

এছাড়া চিচিঙ্গা কেজিতে ৪০ টাকা, কাঁকরোল ৪০ টাকা এবং কচুমুখি কেজিতে ৭০ টাকা দরে বিক্রি হচ্ছে।

গত দুই মাস ধরে ৪০০ টাকার উপরে আদার কেজি। চলতি সপ্তাহে নতুন করে রসুনের দাম কেজিতে প্রায় ৪০ টাকা বেড়ে বিক্রি হচ্ছে ২৬০ থেকে ২৭০ টাকা কেজি দরে।
এদিকে প্রতি কেজি ব্রয়লার মুরগি বিক্রি হচ্ছে ১৭০ থেকে ১৮০ টাকায়। সোনালি মুরগির দাম রাখা হচ্ছে প্রতি কেজি ২৮০ থেকে ৩০০ টাকা। দেশি মুরগি বিক্রি হচ্ছে প্রতি কেজি ৫৫০ থেকে ৫৬০ টাকায়।

মাছের বাজারে গিয়ে দেখা গেছে, ১ কেজি বা ৮০০ গ্রাম ওজনের ইলিশ মাছ প্রতি কেজি ১২০০ টাকায় বিক্রি হচ্ছে। ছোট সাইজের জাটকা ইলিশ বিক্রি হচ্ছে প্রতি কেজি ৪০০ থেকে ৫০০ টাকা কেজি দরে। মাঝারি ইলিশ মাছ বিক্রি হচ্ছে ৭ শ থেকে ৮ শ টাকা কেজি দরে।

দুই থেকে আড়াই কেজি ওজনের রুই মাছের দাম প্রতি কেজি ৩০০-৩৫০ টাকা। রুই মাছ ছোট সাইজের বিক্রি হচ্ছে ১৮০ থেকে ১৯০ টাকা, বড় সাইজের রুই মাছ বিক্রি হচ্ছে ৩০০ শ থেকে সাড়ে ৩ শ টাকা কেজি দরে। পাঙ্গাস, তেলাপিয়া, সিলভারকার্প বিক্রি হচ্ছে ১৮০ থেকে ২৫০ টাকা কেজি দরে।

বাজারভেদে গরুর মাংস কেজিতে বিক্রি হচ্ছে ৭ থেকে ৭৫০ টাকা। খাসির মাংস বিক্রি হচ্ছে ৯৫০ টাকা কেজি দরে।
সপ্তাহিক ছুটির দিনে বাজার করতে আসা এক ক্রেতা বলেন, বেশিরভাগ পণ্যই অতিরিক্ত দামে কিনতে হচ্ছে। নিত্যপণ্যের দাম শুনে হতাশ হতে হচ্ছে ক্রেতাদের।

এদিকে খুচরা ব্যবসায়ীরা বলছেন, পাইকারি বাজারে সবজির সরবরাহ কমে যাওয়ায় দাম বাড়ছে। চাহিদা অনুযায়ী সবজি পাচ্ছেন না তারা।

মেহেরপুরে ভৈরবপাড়ে তালের বীজ বপন

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াবাড়িয়া থেকে সদর উপজেলার কুলবাড়িয়া গ্রাম পর্যন্ত ভৈরব নদের পাড় দিয়ে ২৫০টি তালের বীজ বপন করেছে স্থানীয় পাঁচ যুবক।

গতকাল শুক্রবার মেহেরপুর প্রতিদিনের ছড়াকার নাসিম আহমেদ, সোহেল, মাসুম, সবুজ, নাইম এই পাঁচ যুবকের ব্যক্তি উদ্যোগে বজ্রপাত প্রতিরোধক এসকল তালের বীজ বপন করা হয়।

মুজিবনগরের বল্লবপুরে ওয়ার্ড আওয়ামী লীগের বর্ধিত সভা

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড বল্লবপুরে আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে ।

শুক্রবার বিকেলে বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক ও প্যানেল চেয়ারম্যান বাবুল মল্লিকের সার্বিক সহযোগীতায় বল্লভপুর গ্রামবাসির আয়োজনে এ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি থিউফিল মল্লিকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন ৬নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মারিও সুসিত মন্ডল গনা, সাধারণ সম্পাদক মাইকেল মন্ডল টুইস, বল্লভপুর মিশন হাসপাতালে এডমিন বিনিময়

বিশ্বাস, ইয়ং বাংলা ফিচার লিডারের সভাপতি হাসানুজ্জামান লালটু।

বক্তারা বলেন, সামনে দ্বাদশ জাতীয় নির্বাচন, এই নির্বাচনকে সামনে রেখে আপনাদের সক্রিয়ভাবে কাজ করতে হবে। আওয়ামী লীগ সরকারের উন্নয়নকে তুলে ধরতে হবে এবং সাধারণ জনগণকে বোঝাতে হবে যে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আছে বলেই আমরা এত ভালো আছি । সারা বাংলাদেশের শহর থেকে শুরু করে ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে আওয়ামী লীগ সরকার ব্যাপক উন্নয়ন করেছে রাস্তাঘাট, ব্রিজ কালভার্ট,ড্রেন নির্মাণ , মাঠের রাস্তা পাকা করন, সাধারণ মানুষের জীবনমান উন্নয়নসহ বিভিন্ন উন্নয়ন করে যাচ্ছে তাই এই উন্নয়নের ধারা অব্যাহত রাখতে এবং ভালো থাকতে হলে বর্তমান প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনার কে ক্ষমতায় আনতে হবে এবং নৌকার পক্ষে কাজ করতে হবে। নৌকায় ভোট দিয়ে আবারো জননেত্রী শেখ হাসিনাকে ক্ষমতায় আনতে হবে সেই লক্ষ্যে আমাদের কাজ করে যেতে হবে।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন , ২নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ইউপি সদস্য সিবাস্তিন মল্লিক ঝড়ু, বীর মুক্তিযোদ্ধা ভিনসেন্ট মন্ডল, আওয়ামী লীগ নেতা লুক হরেন্দ্র বিশ্বাস রিঠু, সমর বিশ্বাস, বল্লভপুর সার্বিক যুব উন্নয়ন ক্লাবের সাধারণ সম্পাদক মতিউর রহমান খানসহ ওয়ার্ড আওয়ামীলীগের নেতা কর্মীরা।

বর্ধিত সভায় সঞ্চালনায় ছিলেন আওয়ামী লীগ নেতা বিকাশ বিশ্বাস।

বাংলাদেশ আ.লীগ কোন মনোনয়ন তালিকা প্রকাশ করেনি

‘৯৭ আসনে আওয়ামী লীগের মনোনয়ন নিশ্চিত যাদের’ এমন চটকদার শিরোনামে বিভিন্ন অনলাইন পোর্টালে সংবাদ প্রকাশিত হয়েছে। এসকল সংবাদ নিয়ে ভুয়া মনোনয়ন প্রাপ্তদের অনুসারীরা সোশ্যাল মিডিয়ায় অভিনন্দন জানিয়ে গুজব ছড়াচ্ছে এবং দলের মধ্যে বিভ্রান্ত ছড়াচ্ছে।
এসকল সংবাদকে গুজব ও বিভ্রান্তিকর নিউজ উল্লেখ করে বাংলাদেশ আওয়ামী লীগের অফিসিয়াল ফেসবুক পেজে এ নিয়ে প্রতিবাদ করা হয়েছে এবং তাদের সম্পর্কে ইমেইলে নোটিশ করতে বলা হয়েছে।

পেজটিতে বলা হয়েছে:
গুজব ও বিভ্রান্তিকর নিউজ
বাংলাদেশ আওয়ামী লীগ এধরণের কোন তালিকা প্রকাশ করেনি।
যারা বার বার এধরণের তালিকা বা মনোনয়ন নিয়ে বিভ্রান্তি ছড়াচ্ছে, তাদের উদ্দেশ্য অসৎ। এসব গুজব দেখলেই পেজে ইনবক্স করুন অথবা মেইল করুন info@albd.org এই ইমেইলে।

সাংবাদিক মনির হায়দারের পিতার ইন্তেকাল

বাংলাভিশন টেলিভিশনের নিউইয়র্ক প্রতিনিধি সিনিয়র সাংবাদিক মনির হায়দারের পিতা মেহেরপুর সদর উপজেলার ইসলামনগর কেন্দ্রীয় মসজিদের ইমাম হোসাইন আহমেদ বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেছেন ( ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

গতকাল বৃৃহস্পতিবার ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো ৯৫ বছর। তিনি ৬ পুত্র ও ৩ কন্যা সন্তানের জনক ছিলেন।

মরহুমের পারিবারিক সূত্রে জানা গেছে, আজ শুক্রবার বাদ আসর ইসলামনগর কেন্দ্রীয় ঈদগাহ ময়দানের জানাযা নামায অনুষ্ঠিত হবে। জানাযা শেষে স্থানীয় কবরস্থানে দাফন করা হবে।

সাংবাদিক মনির হায়দারের পিতার মৃত্যুতে সমবেদনা জানিয়ে শোক প্রকাশ করেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন, অনলাইন ডেস্ক ইনচার্জ খান মাহমুদ আল রাফি, স্টাফ রিপোর্টার শহিদুল ইসলামসহ মেহেরপুর সাংবাদিক মহল।

মেহেরপুরে হ্যান্ডবল ফাইনালে বাড়িবাঁকা সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়

মেহেরপুর জেলা পর্যায়ে ৫০ তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা পর্যায়ের গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতায় মুজিবনগরের গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়কে পরাজিত করে হ্যান্ডবল ইভেন্টের ফাইনালে উঠেছে বাড়িবাঁকা সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

আজ বৃহস্পতিবার (১৪ সেপ্টেম্বর) মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার সেমিফাইনালে মেহেরপুর সদর উপজেলা চ্যাম্পিয়ন বাড়িবাঁকা সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয় ২-১ গোলে মুজিবনগর উপজেলা চ্যাম্পিয়ন গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়কে পরাজিত করে জেলা পর্যায়ের ফাইনালে পৌছে।